**একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website : www.dnc.gov.bd

নম্বর-৫৮.০২.০০০০.০০৬.০৪.৭১৭.২৩-৮২৫

তারিখ: ১২/০৩/২০২৪

অফিস আদেশ

যেহেতু, জনাব শেখ মোহাম্মদ সাজ্জাদ হোসেন (পরিচিতি নং-৩১১৭০), উপপরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, পিরোজপুরে কর্মরত আছেন। ইতোপূর্বে উপপরিদর্শক হিসেবে গুলশান সার্কেল, ঢাকা মেট্রো: (উত্তর) কার্যালয়, ঢাকায় কর্মরত থাকাকালে তিনি গত ১৬/০২/২০২৩ তারিখে অভিযানকালে জনাব স্বপ্না আক্তার, পিতা- মো: মিজানুর রহমান, সাং-ক/৬৪, কুড়াতলী পূর্বপাড়া, থানা-খিলক্ষেত, জেলা-ঢাকাকে আনুমানিক ২১.৩০-২২.০০ ঘটিকার সময় বিধিবহির্ভূতভাবে গ্রেফতার করেন। কিন্তু, তিনি স্বপ্না আক্তারের বাসায় ইয়াবা উদ্ধার সংক্রান্ত প্রস্তুতকৃত জব্দ তালিকায় এবং ঐ ঘটনায় দায়েরকৃত এজাহারে অভিযানের সময় ১৯:০০-২০:০০ ঘটিকা উল্লেখ করেন, যা সাক্ষ্য প্রমাণে অসত্য প্রমাণিত হয়। উক্ত অভিযানে উত্তরা সার্কেলের উপপরিদর্শক জনাব রোকেয়া আক্তার এবং গুলশান সার্কেলের সহকারী উপরিদর্শক জনাব মোহাম্মদ জিয়াউর রহমান ঘটনাস্থলে না থাকা সত্ত্বেও তিনি তাদেরকে অভিযানকারী দলের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করেন। ফৌজদারী কার্যবিধির ৫২ ধারা অনুযায়ী অভিযানকালে কোনো মহিলাকে অন্য কোনো মহিলা দ্বারা তল্লাশী করার বিধান থাকলেও জনাব স্বপ্না আক্তারকে কোন মহিলা দ্বারা তল্লাশী না করে উক্ত আইন লঙ্ঘন করেন। তিনি অভিযানকালে নিরপেক্ষ সাক্ষীদের উপস্থিতিতে তল্লাশী কার্যক্রম পরিচালনা না করাসহ ঘটনাস্থলে জব্দকৃত ইয়াবা গণনা করেননি। তিনি জব্দ তালিকার ১নং সাক্ষীর স্বাক্ষর ঘটনাস্থলে নিলেও উহা খালি ফরমে নিয়েছেন এবং ২নং সাক্ষীর স্বাক্ষর ঘটনাস্থলে না নিয়ে তার তেজগাঁও অফিসে নিয়েছেন, যাহা প্রচলিত নিয়মের লঙ্ঘন। তিনি অভিযান পরিচালনাকালে তল্লাশী করার সময় নগদ ৫৭,৫০০/- টাকা ও পৌনে ৩ (তিন) ভরি স্বর্ণালংকার অবৈধভাবে বাসা থেকে নিয়ে নেন এবং জনাব স্বপ্না আক্তারকে অফিস থেকে ছেড়ে দেওয়ার আশ্বাস দিয়ে তার পিতার নিকট থেকে ২০,০০০/- টাকা ঘুষ গ্রহণ করেন। তিনি চিহ্নিত মাদক ব্যবসায়ী জনাব মো: রায়হান(৩৭), পিতা-আব্দুল খালেক, সাং-বিশ্ব রোড, কুড়াতলী, খিলক্ষেত, ঢাকা এর সাথে যোগসাজশপূর্বক পরিকল্পনা করে স্বপ্না আক্তারকে মাদক ব্যবসায়ী বানিয়ে জনাব মো: রায়হানের প্রতিহিংসা চরিতার্থে কাজ করেছেন। তিনি ঘটনাস্থলের আশেপাশের নিরপেক্ষ লোককে সাক্ষী না করে বিধিবহির্ভূতভাবে অন্য এলাকার বাসিন্দা ও মাদক ব্যবসায়ী মো: মামুন খানকে সাক্ষী করেছেন মর্মে অভিযোগ পাওয়ায় উল্লিখিত অভিযোগসমূহের ভিত্তিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা নং-১৪/২০২৩ রুজু করে অভিযোগনামা ও অভিযোগবিবরণী প্রণয়নপূর্বক কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়।

০২। যেহেতু, তিনি ০৭/০৮/২০২৩ তারিখে লিখিতভাবে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির প্রার্থনা করলে ১০/০৯/২০২৩ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানিতে তার দাখিলকৃত জবাব ও প্রদত্ত বক্তব্য সন্তোষজনক মর্মে বিবেচিত না হওয়ায় তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্ত করার জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) অনুযায়ী তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হলে তিনি ০৩/১২/২০২৩ তারিখ দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের মধ্যে একটি ব্যতীত সকল অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন ;

০৩। যেহেতু, তদন্ত প্রতিবেদন ও মামলার সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনা করে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক তার উপর 'চাকুরী হতে বরখাস্তকরণ' গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়। সে পরিপ্রেক্ষিতে একই বিধিমালার ৭(৯) বিধি মোতাবেক ৩০/০১/২০২৪ তারিখের ৫৮.০২.০০০০.০০৬.০৪.৭১৭.২৩-৩২৭ সংখ্যক স্মারকের মাধ্যমে তার বরাবর দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করা হয় এবং উক্ত নোটিশের মাধ্যমে কেন তার উপর 'চাকুরী হতে বরখাস্তকরণ' গুরুদন্ড বা বিধিমালায় বর্ণিত অন্য কোন গুরুদন্ড আরোপ করা হবেনা তার কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

০৪। যেহেতু, তিনি গত ২০/০২/২০২৪ তারিখে ২য় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন। তার বিরুদ্ধে আনীত এবং তদন্তে প্রমাণিত অভিযোগসমূহের বিষয়ে তিনি সন্তোষজনক জবাব দাখিল করতে পারেননি। তদন্ত প্রতিবেদন ও মামলার সংশ্লিষ্ট রেকর্ডপত্রসহ সার্বিক বিষয় পর্যালোচনা এবং বিবেচনা করে তাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(গ) বিধি মোতাবেক 'চাকুরী হতে অপসারণ' গুরুদন্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

০৫। সেহেতু, জনাব শেখ মোহাম্মদ সাজ্জাদ হোসেন (পরিচিতি নং-৩১১৭০), প্রাক্তন উপপরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, গুলশান সার্কেল, ঢাকা মেট্রো: (উত্তর) কার্যালয়, ঢাকা; বর্তমান উপপরিদর্শক, জেলা কার্যালয়, পিরোজপুর এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে একই বিধিমালার ৪(৩)(গ) বিধি মোতাবেক 'চাকুরী হতে অপসারণ' গুরুদণ্ড প্রদান করা হলো।

০৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং আদেশটি লালকালিতে অভিযুক্তের সার্ভিস বহিতে লিপিবদ্ধ করতে হবে।

১২/০৩/২৪
(মুস্তাকীম বিল্লাহ ফারুকী)
মহাপরিচালক (গ্রেড-১)

নম্বর-৫৮.০২.০০০০.০০৬.০৪.৭১৭.২৩-৮২৫

তারিখ: ১২/০৩/২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃ আঃ অতিরিক্ত সচিব (মাদক অনুবিভাগ)]।
২. অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন/অপারেশনস/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/ সিলেট/ বরিশাল/ ময়মনসিংহ/ রংপুর/ গোয়েন্দা শাখা, ঢাকা।
৬. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৭. উপপরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/জেলা কার্যালয়/মেট্রোঃ উপ অঞ্চল------------------------------------------------------------------------।
৮. প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কম্পিউটার সেল, প্রধান কার্যালয়, ঢাকা(**উল্লিখিত আদেশটি অভিযুক্তের পার্সোনাল ডাটাসিটে অন্তর্ভূক্তকরণসহ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
৯. স্টাফ অফিসার টু ডিজি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, পিরোজপুর (**উল্লিখিত আদেশটি অভিযুক্তের চাকুরি** বহিতে **লিপিবদ্ধ করতে অনুরোধসহ)।**
১১. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক /জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,----------------------------------------।
১২. জনাব শেখ মোহাম্মদ সাজ্জাদ হোসেন (পরিচিতি নং-৩১১৭০), উপপরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, পিরোজপুর।
১৩. অফিস কপি/ ব্যক্তিগত নথি/ গার্ড ফাইল।

১২/০৩/২০২৪
(মুহাম্মদ মনিরুল ইসলাম)
পরিচালক(প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)